**AKASHVANI(AIR)**

**RNU: KOLKATA**

**Bengali Text Bulletin**

**Date 06-03-2026** **Time: 7.50 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ

১) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল পশ্চিমবঙ্গ সফরে আসছেন।

২) প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন, সরকার ২০৩০ সালের মধ্যে ৫০ হাজার কোটি টাকার প্রতিরক্ষা সরঞ্জাম রপ্তানির লক্ষ্যমাত্রা নিয়েছে।

কেন্দ্রীয় সরকার রাজ্যের বন্দরগুলিকে পরিবেশবান্ধব করে তোলার উদ্যোগ নিয়েছে বলে বন্দর, জাহাজ ও জলপথ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর জানিয়েছেন।

৩) বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আগামী রবিবার রাজ্যে আসছে।

৪) রাজ্যের বিভিন্ন জায়গায় বিজেপির পরিবর্তন যাত্রা চলছে। বিজেপি অভিযোগ করেছে, বহু জায়গাতেই তৃণমূল তাদের সভায় হামলা চালাচ্ছে।

৫) দেশে জ্বালানির কোনো সঙ্কট নেই এবং তা নিয়ে আতঙ্কিত হওয়ারও কোনো কারণ নেই বলে কেন্দ্র আশ্বস্ত করেছে।

৬) আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট ৫-১ গোলে ওড়িশা এফ সি-কে হারিয়ে দিয়েছে।

--------------------------------------------------------------------------------

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আগামীকাল পশ্চিমবঙ্গ সফরে আসছেন। শিলিগুড়িতে তিনি নবম আন্তর্জাতিক সাঁওতাল সম্মেলনে যোগ দেবেন। রাষ্ট্রপতি ভবনের সংশোধিত সফরসূচি অনুযায়ী, রাষ্ট্রপতি বাগডোগরা বিমানবন্দরে অবতরণের পর সড়কপথে যাবেন অনুষ্ঠানস্থল - বিধাননগরের গোঁসাইপুর সংলগ্ন এয়ারপোর্ট অথরিটি অফ ইন্ডিয়ার ময়দানে। সম্মেলনে প্রধান অতিথির আসন অলঙ্কৃত করার পাশাপাশি রাষ্ট্রপতি শাল গাছের চারাও রোপণ করে দেশকে বিশ্ব উষ্ণায়ন থেকে বাঁচানোর বার্তা দেবেন। ওই সম্মেলনে দেশ বিদেশের ১২'শোর মত প্রতিনিধির যোগদানের কথা। আদিবাসী সমাজের আর্থ সামাজিক ও বর্তমান পরিস্থিতি নিয়ে সেখানে আলোচনা হবে। অনুষ্ঠান শেষে দুপুরে শ্রীমতি মুর্মু দিল্লি ফিরে যাবেন। রাষ্ট্রপতির এই সফরকে কেন্দ্র করে শিলিগুড়ি ও সংলগ্ন বিধাননগর এলাকায় নিরাপত্তা ব্যবস্থা আরও জোরদার করা হয়েছে।

-----------------

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং বলেছেন,সরকার ২০৩০ সালের মধ্যে ৫০হাজার কোটি টাকার প্রতিরক্ষা সরঞ্জাম রপ্তানির লক্ষ্যমাত্রা নিয়েছে। তিনি আজ কলকাতায় সাগর সংকল্প কনক্লেভের উদ্বোধন করে বলেন, বর্তমান অনিশ্চয়তার যুগে প্রাসঙ্গিক ও সদা প্রস্তুত থাকার একমাত্র উপায় হোল আত্মনির্ভরতা । বিশ্বব্যাপী এই সংকটের মধ্যে কেন্দ্র, প্রতিটি ক্ষেত্রে আত্ম নির্ভরতা অর্জনের লক্ষ্যে কৃতসঙ্কল্প।

তিনি জোর দিয়ে বলেন, গত বছর প্রতিরক্ষা খাতে ২৪হাজার কোটি টাকার রপ্তানি হয়েছে।

বাইট

২০৪৭ সালের মধ্যে জাহাজ নির্মাণে ভারতকে বিশ্বে পঞ্চম স্থানে পৌঁছে দেওয়ারও লক্ষ্য নেওয়া হয়েছে বলেও প্রতিরক্ষা মন্ত্রী জানান। 'মেরিটাইম অমৃতকাল ভিশন ২০৪৭'এর আওতায় সরকার দেশজুড়ে জাহাজ নির্মাণ ক্লাস্টার তৈরির জন্য তিন লক্ষ কোটি টাকা বিনিয়োগের পরিকল্পনা নিয়েছে।

এদিকে সাগর কনক্লেভ শেষে এক সাংবাদিক বৈঠকে বন্দর, জাহাজ ও জলপথ প্রতিমন্ত্রী শান্তনু ঠাকুর বলেছেন, কেন্দ্রীয় সরকার রাজ্যের বন্দরগুলিকে পরিবেশবান্ধব করে তোলার উদ্যোগ নিয়েছে। বন্দর এলাকার মধ্যে যেসমস্ত গাড়ি চলাচল করে, সেগুলিকে বিদ্যুৎ চালিত করারও পরিকল্পনা নেওয়া হয়েছে। এর ফলে দূষণমুক্ত বন্দর গড়ে তোলা সম্ভব হবে।

শ্রী ঠাকুর অভিযোগ করেন, বন্দরের উন্নয়নে রাজ্য সরকার কোনো সহায়তা করছে না এবং অবৈধভাবে দখল জমিগুলি মুক্ত করতে কোনো উদ্যোগ নিচ্ছে না।

বাইট

সাগর কনক্লেভে জিআরএসই-র চেয়ারম্যান ও ম্যানেজিং ডিরেক্টর পি আর হরি সহ বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন।

-----------------

বিধানসভা নির্বাচনের প্রস্তুতি খতিয়ে দেখতে নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ আগামী রবিবার রাজ্যে আসছেন। মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারের নেতৃত্বে পূর্ণাঙ্গ বেঞ্চ ঐদিন রাতে কলকাতা বিমানবন্দরে পৌঁছবেন। পরদিন অর্থাত্ ৯ তারিখে তারা রাজ্যের স্বীকৃত রাজনৈতিক দলগুলির সঙ্গে বৈঠকে বসবে। রাজারহাটে ওই বৈঠকে BJP, BSP, CPI(M), কংগ্রেস, আম আদমি পার্টি ও NPP (ন্যাশানাল পিপিলস পার্টি) সহ জাতীয় স্তরে স্বীকৃত ৬টি এবং তৃণমূল কংগ্রেস ও ফরোয়ার্ড ব্লক রাজ্যস্তরে স্বীকৃত

এই দুটি দলের প্রতিনিধিদের বৈঠকে যোগদানের জন্য আমন্ত্রণ পাঠানো হয়েছে। ঐদিন সকাল ১০ টা থেকে ১২ টা পর্যন্ত প্রতিটি রাজনৈতিক দলের জন্য ১৫ মিনিট করে সময় বরাদ্দ করা হয়েছে বলে মুখ্য নির্বাচনী আধিকারিক দপ্তর সুত্রে জানা গেছে।

কমিশনের প্রতিনিধিরা আইন বলবৎকারী সংস্থাগুলি নোডাল অফিসরাদের সঙ্গে বৈঠক করার পাশাপাশি আইনশৃঙ্খলা পরিস্থিতি, কেন্দ্রীয় বাহিনী মোতায়েন, সংকটপ্রবণ বুথ চিহ্নিত করা সহ বিভিন্ন বিষয়ে কথা বলবেন, IG, DIG, পুলিশ কমিশনার, পুলিশ সুপার ও জেলা নির্বাচনী আধিকারিকদের সঙ্গে।

১০'ই মার্চ নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চ প্রশাসনের শীর্ষ আধিকারিকদের সঙ্গে বৈঠকে মিলিত হবেন। ওইদিনই ব্লক লেভেল আধিকারিকদের সঙ্গেও তাঁদের মতবিনিময় করার কথা।

এদিকে, ৮'ই মার্চ রবিবারই দিল্লি থেকে কলকাতায় পৌছবেন সিনিয়ার ডেপুটি ইলেকশন কমিশনার জ্ঞানেশ ভারতীর নেতৃত্বে একটি প্রতিনিধি দল'ও। ওই দলে থাকছেন প্রিন্সিপাল সেক্রেটারি এস বি যোশী, ডিরেক্টর মনোজ সী ও ডেপুটি সেক্রেটারি অভিনব আগরওয়াল। এই দলটি ভোটের প্রস্তুতি এবং নির্বাচন কমিশনের কর্মসূচি নিয়ে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরের সঙ্গে সমন্বয় সাধন করবে।

মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগারওয়াল আজ সাংবাদিকদের প্রশ্নের উত্তরে বলেন, নির্বাচন কমিশনের পূর্ণাঙ্গ বেঞ্চই সফর শেষে ভোটের দিনক্ষণ ঘোষণা করবে।

বাইট

------------------

রাজ্যের বিভিন্ন জায়গায় আজও বিজেপির পরিবর্তন যাত্রা চলছে।

পশ্চিম মেদিনীপুরের নারায়ণগড়ে এই পরিবর্তন যাত্রায় যোগ দিয়ে কেন্দ্রীয় বস্ত্র মন্ত্রী গিরিরাজ সিং অভিযোগ করেন, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী পশ্চিমবঙ্গকে বাংলাদেশ বানাতে চাইছে।

বাইট

কোচবিহারে আজ এই পরিবর্তন যাত্রায় উপস্থিত ছিলেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার। তুফানগঞ্জ রামহরি মোড়ে এক জনসভায় তিনি পুলিশের সমালোচনা করেন।

এদিকে পুলিশ আজ তুফানগঞ্জে পরিবর্তন যাত্রার সভার মঞ্চ খুলে দেয় বলেও অভিযোগ। যদিও পুলিশের দাবী অনুমতি না নিয়েই সেখানে মঞ্চ বাধা হয়েছিল। পরে বিজেপি কর্মীরা অস্থায়ী মঞ্চ তৈরি করেন, সেখানেই বক্তব্য রাখেন কেন্দ্রীয় মন্ত্রী।

পুরুলিয়ার রঘুনাথপুরে দলের পরিবর্তন যাত্রায় যোগ দেন রাজ্য সভাপতি শমিক ভট্টাচার্য, সুভাষ সরকার প্রমুখ।

এদিকে জেলার বলরামপুরে আজ দুপুরে রসুলডি এলাকায় রাস্তার ধারে বিজেপির ঝান্ডা লাগানোকে কেন্দ্র করে ব্যাপক উত্তেজনা ছড়ায়। আক্রান্ত হন বিধায়ক বাণেশ্বর মাহাতো। আহত আরও ৬ বিজেপি কর্মী। তাদের প্রথমে স্থানীয় হাসপাতালে আনা হয়। সেখানে প্রাথমিক চিকিৎসার পর তাদের অন্যত্র স্থানান্তরিত করা হয়েছে।তাদের হাসপাতালে চিকিৎসা করা হচ্ছে। খবর পেয়ে ঘটনাস্থলে পৌঁছায় বলরামপুর থানার আই সি সহ বিশাল পুলিশ বাহিনী। পুলিশ পৌঁছতে আরও উত্তেজনা বাড়ে। পুলিশের গাড়িও আক্রমণ করা হয়। বিধায়কের দাবী তৃণমূল আশ্রিত দুষ্কৃতিরা এই কাজ করেছে।

মুর্শিদাবাদের বড়ঞাতেও বিজেপির ‘পরিবর্তন যাত্রা’কে কেন্দ্র করে আজ উত্তেজনার সৃষ্টি হয়। বিজেপির অভিযোগ, জালিবাগান এলাকায় তাদের রথ পৌঁছলে পুলিশ পথ আটকায়। এর জেরে দুপক্ষের বচসা বাধে। পরে পুলিশ রথটিকে নিজেদের ঘেরাটোপের মধ্যে রেখে এগিয়ে যেতে দেয় বলে জানা গেছে।

-----------------

দেশে জ্বালানির কোনো সঙ্কট নেই এবং তা নিয়ে আতঙ্কিত হওয়ার কোনও কারণ নেই বলে কেন্দ্র আশ্বস্ত করেছে। সরকারের তরফে আজ জানানো হয়েছে, দেশে বর্তমানে প্রায় ২৫০ মিলিয়ন ব্যারেলের বেশি অপরিশোধিত তেল ও জ্বালানি ভান্ডারে মজুত রয়েছে। বিভিন্ন রিজার্ভ ও সরবরাহ ব্যবস্থায় মিলিয়ে প্রায় ৭ থেকে ৮ সপ্তাহের জ্বালানি সরবরাহের যোগান রয়েছে ।

এদিকে পশ্চিম এশিয়ায় যুদ্ধ পরিস্থিতির জেরে দেশে পেট্রোল ও ডিজেলের ঘাটতি নিয়ে গণমাধ্যমের একাংশ ও সামাজিক মাধ্যমে ছড়িয়ে পড়া খবর ভিত্তিহীন বলেও পেট্রোলিয়াম মন্ত্রক ও তেল সরবরাহকারী সংস্থাগুলি জানিয়েছে। কেন্দ্র সরকারের তরফ থেকে পক্ষ থেকে স্পষ্ট জানানো হয়েছে, দেশে জ্বালানির পর্যাপ্ত মজুত রয়েছে এবং সরবরাহ ও বিতরণ ব্যবস্থা স্বাভাবিকভাবেই চলছে।

অন্যদিকে দিকে রাষ্ট্রায়ত্ব ইন্ডিয়ান অয়েল কর্পোরেশন জানিয়েছে , সোশ্যাল মিডিয়ায় যে সব পোস্টে পেট্রোল ও ডিজেলের ঘাটতির কথা বলা হচ্ছে, তার কোনও ভিত্তি নেই। দেশে পর্যাপ্ত জ্বালানি মজুত রয়েছে এবং সরবরাহ ব্যবস্থাও স্বাভাবিক রয়েছে। ফলে সাধারণ মানুষের আতঙ্কিত হওয়ার কোনও কারণ নেই।সংস্থার পক্ষ থেকে আরও জানানো হয়েছে, দেশের বিভিন্ন তেল সংস্থা নিরবচ্ছিন্ন জ্বালানি সরবরাহ বজায় রাখতে সম্পূর্ণভাবে প্রতিশ্রুতিবদ্ধ। নাগরিকদের অনুরোধ করা হয়েছে, কোনও

গুজবে কান না দিয়ে পেট্রোল পাম্পে অযথা ভিড় না করতে এবং শুধুমাত্র সরকারি বা সরকারি সংস্থার অফিসিয়াল সূত্রের তথ্যের উপরেই ভরসা রাখতে।

-----------------

পশ্চিম এশিয়ায় অশান্ত পরিস্থিতির প্রেক্ষিতে দুবাই, কুয়েত সহ মধ্যপ্রাচ্যের বিভিন্ন এলাকায় কাজে গিয়ে আটকে পড়েছেন মুর্শিদাবাদের কান্দি ও বহরমপুরের প্রায় ২৬ জন পরিযায়ী শ্রমিক। যুদ্ধের আবহে বাড়ি ফিরেত না পারায় উদ্বেগ রয়েছেন তাঁদের পরিবার। তাঁদের ফিরিয়ে আনতে ইতমধ্যেই বিভিন্ন স্বেচ্ছাসেবী সংস্থা ও জেলা প্রশাসনের সঙ্গে যগাযগ করেছেন পরিবারের সদস্যরা।

এদিকে, পশ্চিম এশিয়াগামী এবং পশ্চিম এশিয়ার বিভিন্ন দেশ থেকে কলকাতামুখী মোট সাতটি আন্তর্জাতিক উড়ান আজ বাতিল করা হয়েছে। কলকাতা বিমানবন্দর থেকে দুবাই, দোহা এবং আবু ধাবিগামী মোট চারটি , অন্যদিকে আবুধাবি, দুবাই এবং দোহা থেকে কলকাতার তিনটি উড়ান বাতিল হয়েছে বলে বিমানবন্দর সূত্রে খবর।

-----------------

আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট ৫-১ গোলে ওড়িশা এফ সি, কে হারিয়ে দিয়েছে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে বিরতিতে মোহনবাগান ৪-১ গোলে এগিয়ে ছিল।

জেমি ম্যাকলারেন হ্যাটট্রিকসহ চারটি গোল করেছেন। অপর গোলটি করেছেন আলবার্তো রডরিগেজ ।ওড়িশার পক্ষে রহিম আলি একটি গোল করেন।

মোহনবাগান চার ম্যাচে ১২ পয়েন্ট নিয়ে লিগ শীর্ষে রয়েছে।

-----------------

"সংস্কার - দাবি, আবাসন, অগ্রগতি"এই তিন প্রতিপাদ্য বিষয়ের ওপর নতুন দিল্লিতে চলছে রাইসিনা ডায়লগ। আজ এই  নিয়ে শুনবেন একটি বিশেষ আলোচনা। লেখক ও বিশিষ্ট ইতিহাসবিদ ডঃ লক্ষ্মন ঘোষের সঙ্গে কথা বলেছেন অভিজিৎ চক্রবর্ত্তী। অনুষ্ঠানটি শোনা যাবে  রাত সাড়ে নটায় গীতাঞ্জলি প্রচার তরঙ্গে ও ডিটিএইচ বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতার  সোশ্যাল মিডিয়া প্ল্যাটফর্মে।

------------------ ------------------